

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

ভর্তি বিজ্ঞপ্তি

স্মারক নং-উবি-১৪/২০০৭-১৯৭৯৩

তারিখ: ০১ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষে শিশু শ্রেণিতে (বাংলা মাধ্যম ও ইংরেজি ভাষন) ভর্তি প্রসঙ্গে

- শিশুশ্রেণিতে ভর্তি প্রক্রিয়ার প্রাথমিক নির্বাচন সাক্ষাতকারের মাধ্যমে এবং চূড়ান্ত নির্বাচন লটারীর মাধ্যমে সম্পন্ন করা হবে।
- প্রার্থীর বয়স: ০১ জানুয়ারি ২০২৪ খ্রি: তারিখে যাদের বয়স ৫ বছর বা ৫ বছরের বেশি কিন্তু ৬ বছরের কম।
- ভর্তির আবেদন আগামী ০৫ সেপ্টেম্বর ২০২৩ সকাল ৮:০০ টা থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনের মাধ্যমে গ্রহণ করা হবে।
- বিদ্যালয়ের ওয়েবসাইটে (www.udayan.edu.bd) গিয়ে Admission মেন্যু থেকে Online Admission এ ক্লিক করতে হবে।
- অনলাইনে প্রদর্শিত আবেদন ফরমটি সঠিকভাবে পূরণ করতে হবে। প্রার্থী ও মাতা-পিতার রঙিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 300 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির ফাইল সাইজ অনূর্ধ্ব 70 KB হতে হবে। [ছবির ফাইলের নাম যেকোন Alphabet দিয়ে Rename করতে হবে, ফাইলের নামে কোন Number/Special Character (i.e. ^, #, - etc.) দিয়ে দেয়া যাবে না।]
- পূরণকৃত আবেদন ফরম Final Submit করার পর পূরণকৃত আবেদন ফরমটি ডাউনলোড করে নিবেন। ফরমটির নিচের দিকে পেমেন্ট সংক্রান্ত তথ্য থাকবে যা ভালোভাবে পড়ে পেমেন্ট সম্পূর্ণ করুন।
- আবেদনপত্রের ফি (২০০/- + ৩০ টাকা অনলাইন চার্জ) ২৩০ টাকা অনলাইনে সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে প্রদান করতে হবে। উল্লেখ্য, পেমেন্ট না করা পর্যন্ত প্রবেশপত্র (Admit Card) প্রিন্ট বা ডাউনলোড হবে না। আরো উল্লেখ্য থাকে যে, আবেদন পত্রের ফি ০১ অক্টোবর ২০২৩ বিকাল ৫:০০ টা পর্যন্ত পরিশোধ করা যাবে।
- সাক্ষাতকারের জন্য নির্ধারিত তারিখে প্রিন্টকৃত আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে।
 - প্রবেশপত্রের ফটোকপি
 - পূরণকৃত আবেদন ফরমের প্রিন্ট কপি
 - শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি
 - পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত কপি
 - পিতা ও মাতার শিক্ষাগত যোগ্যতার শেষ সনদের সত্যায়িত কপি
 - মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ ও প্রার্থীর মাতা-পিতার এসএসসি পরীক্ষার সনদ এর সত্যায়িত কপি
 - ক্যাচমেন্ট এরিয়া কোটায় আবেদনকারীদের ক্যাচমেন্ট প্রমাণের জন্য নিম্নোল্লিখিত প্রমাণপত্র জমা দিতে হবে:
 - আবেদনকারীর অভিভাবক যদি বাড়ির মালিক হয়ে থাকেন, তাহলে বিদ্যুৎ/পানি/টেলিফোন বিলের সত্যায়িত কপি
 - আবেদনকারীর অভিভাবক যদি ভাড়া বাসায় বসবাসকারী হয়ে থাকেন, তাহলে নিজ নামে ইউটিলিটি বিলের (এলোটিমেন্ট পেপার/বিদ্যুৎ/পানি/টেলিফোন) সত্যায়িত কপি অথবা বাড়ি ভাড়ার চুক্তিপত্র ও রশিদের সত্যায়িত কপি এবং বাড়িওয়ালার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
 - ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ বা দপ্তরের বিভাগীয় প্রধান কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
 - উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের স্থায়ী শিক্ষক ও কর্মকর্তার ক্ষেত্রে অধ্যক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- সাক্ষাতকারের সময় জমাকৃত আবেদনপত্র যাচাই-বাছাই করার পর প্রাথমিকভাবে লটারির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা এবং চূড়ান্তভাবে নির্বাচনের জন্য লটারির তারিখ ও সময়সূচি বিদ্যালয়ের নোটিস বোর্ড ও ওয়েবসাইটের (www.udayan.edu.bd) মাধ্যমে যথাসময়ে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য বিদ্যালয়ের ওয়েবসাইট (www.udayan.edu.bd)-এর Notice Board-এ প্রদর্শিত বিজ্ঞপ্তি দেখতে হবে।
- আবেদনে ভুল তথ্য প্রদান করলে অথবা চাহিদা মোতাবেক কাগজপত্র সরবরাহ না করলে আবেদন বাতিল বলে গণ্য হবে। এছাড়া আবেদন ফরমে কোটার ঘরে সঠিকভাবে কোটা সিলেস্ত না করলে এবং কোটার অনুকূলে ডকুমেন্ট সাবমিট না করলে কোটা সুবিধা প্রাপ্য হবে না।

একনজরে গুরুত্বপূর্ণ তারিখসমূহ

- | | |
|--------------------------------------|-------------------------------------|
| ➤ অনলাইনে ফরম পূরণ শুরু করার সময় | : ০৫ সেপ্টেম্বর ২০২৩ সকাল ০৮:০০ টা |
| ➤ অনলাইনে ফরম পূরণের শেষ সময় | : ৩০ সেপ্টেম্বর ২০২৩ বিকাল ০৫:০০ টা |
| ➤ অনলাইনে আবেদন ফি প্রদানের শেষ সময় | : ০১ অক্টোবর ২০২৩ বিকাল ০৫:০০ টা |

বিঃদ্র: পরিস্থিতি অনুযায়ী ভর্তি প্রক্রিয়ায় পরিবর্তন আসতে পারে।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ